

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮৭

আগরতলা, ২২ মে, ২০২৪

**উমাকান্ত একাডেমির স্ট্রংরুম পরিদর্শনে সিইও**  
**শান্তি ও শৃঙ্খলা বজায় রেখে গণনার কাজ সম্পন্ন**  
**করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে : সিইও**



রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল আজ বিকেলে উমাকান্ত একাডেমিস্থিত স্ট্রংরুমগুলি পরিদর্শন করেন। সেসময় তার সঙ্গে ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার তথা পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৰ্তা ডা. বিশাল কুমারও উপস্থিত ছিলেন।

স্ট্রংরুম পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে মতবিনিময়ের সময় মুখ্য নির্বাচন আধিকারিক বলেন, রাজ্যের ২০টি স্থানে লোকসভা নির্বাচনের ভোটগণনার কাজ আগামী ৪ জুন অনুষ্ঠিত হবে। প্রতিটি ভোটগণনা কেন্দ্রেই শান্তি ও শৃঙ্খলা বজায় রেখে গণনার কাজ সম্পন্ন করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রতিটি গণনা কেন্দ্রে সিসিটিভির ব্যবস্থা, অগ্নিনির্বাপক ব্যবস্থা, ৩টি স্তরের সুরক্ষা ব্যবস্থার পাশাপাশি নিরবচ্ছিন্ন বিদ্যুতের ব্যবস্থাও করা হয়েছে। প্রশাসনিক আধিকারিকদের সাথে সাথে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণও সময়ে সময়ে স্ট্রংরুমগুলির সুরক্ষা ব্যবস্থা খতিয়ে দেখছেন। এখন পর্যন্ত স্ট্রংরুম সংক্রান্ত কোনও অভিযোগ জমা পড়েনি। মুখ্য নির্বাচন আধিকারিক রাজ্যের বিভিন্ন স্ট্রংরুমে গৃহীত বিভিন্ন ব্যবস্থা নিয়ে সন্তোষ প্রকাশ করেন।

\*\*\*\*\*